দৈনিক সংবাদ

তারিখ ..03 DEC 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

03

## এলএলবি (শেষপর্ব) পরীক্ষা বনাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা প্রসঙ্গে

আমরা চলতি ১৯৮৮ সালের এল এল বি (শেষ পর্ব) পরীক্ষার্থীবৃন্দ যা গত ১৩ই জানুয়ারী '৯০ তারিখ শুরু হয়েছে। পরীক্ষার সময়সূচী অনুযায়ী আগামী ৩০-০১-৯০ তারিখ 'সাক্ষ্য ও রেজিস্ট্রেশন' আইন পরীক্ষাটি অপরাহ্ন ১ ঘটিকা থেকে ৫ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হওয়ার দিন ধার্য করা হয়েছে। কিন্তু আমরা যারা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিষয়ে মাষ্টার ডিগ্রীর ছাত্র তাদের উক্ত দিন একই সময়ে মাষ্টার্সের (প্রিলিমিনারী) পরীক্ষাসমূহ আছে। এছাড়াও আমাদের যে সমস্ত শিক্ষার্থী আসন্ন বি,সি,এস পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদেরও বি,সি,এস-এর লিখিত পরীক্ষা উক্ত তারিখে আছে। সুতরাং, একজন ছাত্রের পক্ষে একই সাথে একই দিনে একাধিক পরীক্ষায় অংশগ্রহণ করা যে কতটা অসম্ভব তা সকলেরই জানা আছে।

আমরা তৃতীয় বিশ্বের নাগরিক হিসেবে নানা সমস্যায় জর্জরিত। তার উপরে আমাদের মত নিম্নবিত্ত পরিবারের ছেলেমেয়েদের উচ্চ শিক্ষা গ্রহণে কত যে বাধা ও প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয়। তাই মানবিক দিক ও বর্তমান সমাজের অবস্থার কথা বিবেচনা করে মাননীয় পরীক্ষা নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আমাদের আকুল আবেদন এই যে, আগামী ৩০-০১-৯০ ইং তারিখের এল এল বি (শেষ পর্ব) পরীক্ষাটি (সাক্ষ্য ও রেজিঃ আইন) উপরোক্ত কারণের জন্য অন্য কোন তারিখে নেয়ার ব্যবস্থা করে আমাদের দুশ্চিন্তা মুক্ত করুন এবং আমাদের সমস্যার একটা সুষ্ঠু সমাধান করুন।

এলএল-বি (শেষ পর্ব) ভুক্তভোগী পরীক্ষার্থীদের পক্ষে—
(১) সৈয়দ ইকবাল হোসেন;
(২) মোঃ আবদুল আজিজ;
(৩) মোঃ রাশেদ এবং আরও অনেকে, ঢাকা।